# কুমিল্লা বোর্ড ২০১৫

## হিসাববিজ্ঞান : প্রথম পত্র

বিষয় কোড: | ২ | ৫ | ৩ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

### সৃজনশীল

পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। ক বিভাগ থেকে দুইটি এবং খ বিভাগ থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]*

### ক বিভাগ

প্রশ্ন-১ ▶ সাফিল ট্রেডার্সের ৩১ ডিসেম্বর ২০১৪ সালের রেওয়ামিল নিম্নরূপ :

রেওয়ামিল

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| উত্তোলন ও মূলধন | ১১,৪০০ | ১,০০,০০০ |
| ক্রয় ও বিক্রয় | ১,২৫,০০০ | ২,১০,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ১৩,০০০ | |
| নগদ তহবিল | ২৩,৬০০ | |
| প্রাপ্য হিসাব | ৪৮,০০০ | |
| অগ্রিম বিমা সেলামি | ৬,০০০ | |
| আসবাবপত্র | ৭৫,০০০ | |

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রদেয় হিসাব | | ৩৫,০০০ |
| ৬% ঋণ (১-৭-১৪) | | ২০,০০০ |
| অনাদায়ী পাওনা | ১,৪০০ | |
| অনাদায়ী পাওনা সঞ্চিতি | | ৩,০০০ |
| বিজ্ঞাপন | ১০,০০০ | |
| ভাড়া | ১২,০০০ | |
| মজুরি | ১৭,০০০ | |
| বেতন | ৩১,১০০ | |
| ঋণের সুদ | ৫০০ | |
| শিক্ষানবিস সেলামি | | ৬,০০০ |
| | ৩,৭৪,০০০ | ৩,৭৪,০০০ |

**সমন্বয়সমূহ :**

i. সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ৪৫,০০০ টাকা এবং বাজার মূল্য ৫০,০০০ টাকা।

ii. বিজ্ঞাপনের উদ্দেশ্যে পণ্য বিতরণ ২,০০০ টাকা। মোট বিজ্ঞাপন খরচের ¹/₅ অংশ অবলোপন করো।

iii. অনাদায়ী পাওনা সঞ্চিতি ১,৮০০ টাকায় হ্রাস করতে হবে।

iv. অগ্রিম বিমা সেলামির ৩,২০০ টাকার মেয়াদ উত্তীর্ণ হয়েছে।

v. আসবাবপত্রের ওপর ৫% অবচয় ধার্য করো।

ক. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় করো। ২

খ. মোট লাভ ১,০৪,০০০ টাকা ধরে নিট লাভ নির্ণয় করো। ৪

গ. বছর শেষে মালিকানা স্বত্ব ও মোট দায়ের পরিমাণ নির্ণয় করো। ৪

**প্রশ্ন-২ ▶** সাজিদ ট্রেডার্সের ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৪

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মূলধন | | ২,০০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৩০,০০০ | |
| প্রদেয় হিসাব | | ৪৫,০০০ |
| যন্ত্রপাতি | ১,০০,০০০ | |
| আসবাবপত্র | ৫৮,০০০ | |
| ক্রয় এবং বিক্রয় (১৫% ভ্যাটযুক্ত) | ১,০৭,০০০ | ৯৩,৫০০ |
| কুঋণ | ১,৫০০ | |
| কুঋণ সঞ্চিতি | | ৪,৫০০ |
| কর ও অভিকর | ৩,৫০০ | |
| ১২% স্কয়ার এর ঋণপত্র (১-১-১৪) | ২০,০০০ | |
| ভাড়া ও উপভাড়া প্রাপ্তি | ৪০,০০০ | ৮,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ১০,০০০ | |
| ইজারা সম্পত্তি (১০ বছরের জন্য) | ১০,০০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত | | ৪৫,০০০ |
| ব্যাংক জমার উদ্বৃত্ত | ৮,০০০ | |
| প্রদেয় বিল | | ২৪,০০০ |
| অফিস খরচাবলি | ১০,০০০ | |
| ভ্যাট চলতি হিসাব | ২০,০০০ | |
| | ৪,২০,০০০ | ৪,২০,০০০ |

**সমন্বয়সমূহ :**

i. ১,০০০ টাকার আগুনে বিনষ্ট পণ্য বিবেচনা করার পূর্বে সমাপনী মজুদ পণ্য ৫১,০০০ টাকায় মূল্যায়ন হয়েছে।

ii. মুনাফাবিহীন বিক্রয় ২,০০০ টাকা বিক্রয়ের অন্তর্ভুক্ত আছে।

iii. খরিদ্দারগণ ২,০০০ টাকার পণ্য ফেরত পাঠিয়েছেন কিন্তু হিসাবভুক্ত হয়নি।

iv. মোট কুঋণের পরিমাণ ২,০০০ টাকা। প্রাপ্য হিসাবের ওপর ১০% ধরে কুঋণ সঞ্চিতি তৈরি করো।

v. স্থায়ী সম্পত্তির ওপর ১০% অবচয় ধার্য করো।

ক. ভ্যাট চলতি হিসাব তৈরি করো। ২

খ. উক্ত বছরের মোট লাভ নির্ণয় করো। ৪

গ. বছর শেষে মোট সম্পত্তির পরিমাণ নির্ণয় করো। ৪

## খ বিভাগ

**প্রশ্ন-৩ ▶** মি. সিরাত ১ জুন ২০১৪ তারিখে নগদ ৫৫,০০০ টাকা, পণ্যদ্রব্য ১০,০০০ টাকা এবং ১৫,০০০ টাকার ঋণ নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। উক্ত মাসে তাঁর অন্যান্য লেনদেনগুলো নিম্নরূপ :

২০১৪ইং

| | | |
|---|---|---|
| জুন | ৫ | জিহাদের নিকট পণ্য বিক্রয় ১০,০০০ টাকা যার ৪০% নগদে। |
| " | ১৫ | তিন মাসের ভাড়া প্রদান ১২,০০০ টাকা। |
| " | ২০ | ধারে বিক্রয়ের ১০% অনাদায়ী দেনা ধার্য করো। |
| " | ২৫ | সরঞ্জাম ক্রয় ৩,০০০ টাকা। |
| " | ৩০ | চেকের মাধ্যমে বেতন পরিশোধ ৩,০০০ টাকা। |

ক. মিঃ সিরাত এর প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. জুন ৫, ১৫, ২০ ও ২৫ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দেখাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই) ৪

গ. জুন ১৫, ২০, ২৫ ও ৩০ তারিখের লেনদেনগুলো দ্বারা হিসাব সমীকরণে কী প্রভাব পড়েছে তা দেখাও। ৪

**প্রশ্ন-৪ ▶** শাহিন ট্রেডার্সের হিসাব বই থেকে ২০১৪ সালের ৩০ জুন তারিখে নিম্নোক্ত লেনদেনসমূহ নেয়া হয়েছে :

১. নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ১০,৫০০ টাকা।

২. ব্যাংক কর্তৃক পরিশোধিত ৩,১৫০ টাকার প্রদেয় নোট নগদান বইতে লেখা হয়নি।

৩. ব্যাংকে জমাকৃত ২,০৫০ টাকার একটি চেক এখনও ব্যাংক কর্তৃক আদায় হয়নি।

৪. একজন দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংকে জমাদান ২,৬২০ টাকা নগদান বইতে লেখা হয়নি।

৫. ব্যাংক সুদ ৫০ টাকা এবং ব্যাংক চার্জ ৪০ টাকা নগদান বইতে লেখা হয়নি।

৬. পাওনাদার বরাবর ইস্যুকৃত ৫,০০০ টাকার মোট ২টি চেক ব্যাংকে জমা দেয়া হয়েছে যার মধ্যে ৮৫০ টাকার চেকটি ব্যাংকে উপস্থাপিত হয়েছে।

ক. ৫ নং দফার জন্য আমানতকারীর বইতে জাবেদা দাও। ২

খ. কেবলমাত্র ব্যাংকে লিপিবদ্ধ হয়েছে এমন টাকার মোট পরিমাণ নির্ণয় করো। ৪

গ. একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করো। ৪

**প্রশ্ন-৫ ▶** শাপলা ট্রেডার্সের ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

| হিসাব খাত | টাকা |
|---|---|
| মূলধন | ৮৫,০০০ |
| ক্রয় | ৭৯,৫০০ |
| মজুদ পণ্য (১-১-১৪) | ২২,০০০ |
| আগাম গ্রহণ | ১২,০০০ |
| মনিহারি মজুদ (১-১-১৪) | ২,০০০ |
| বিক্রয় | ১,১০,০০০ |
| অনাদায়ী দেনা সঞ্চিতি | ২,০০০ |
| বকেয়া বেতন | ৫০০ |
| মনিহারি মজুদ (৩১-১২-১৪) | ৫০০ |
| উত্তোলন | ১০,০০০ |
| সুনাম | ২০,০০০ |
| কবিরকে প্রদত্ত ঋণ | ২০,০০০ |
| নগদ তহবিল | ৩,৫০০ |
| মজুদ পণ্য (৩১-১২-১৪) | ২৫,০০০ |
| বিক্রয় পরিবহন | ৬,৫০০ |
| ক্রয় ফেরত | ১,০০০ |
| শিক্ষানবিস সেলামি | ৩,০০০ |
| আসবাবপত্র | ২০,০০০ |
| সম্ভাব্য দায় | ১০,০০০ |
| কলকব্জা | ৩০,০০০ |

ক. রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না এমন দফাগুলো চিহ্নিত করো। ২

খ. চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. উপরিউক্ত উদ্বৃত্তগুলো দ্বারা ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে একটি রেওয়ামিল তৈরি করো। ৪

প্রশ্ন-৬ ▶ মিঃ শিহাব ২০১৪ সালের ১ মার্চ তারিখে হাতে নগদ ২০,০০০ টাকা এবং ব্যাংক জমার ক্রেডিট উদ্বৃত্ত ৫,৭০০ টাকা ছিল। উক্ত মাসে তার অন্যান্য লেনদেনগুলো নিম্নরূপ :

মার্চ ২ নগদে বিক্রয় ১২,০০০ টাকা। যার অর্ধাংশ সাথে সাথে ব্যাংকে জমা দেয়া হলো।

" ৪ মিসেস শান্তার পাওনা ৬,০০০ টাকা ৫% বাট্টায় ৫০% নগদে ও ৫০% চেকে পরিশোধ করা হলো।

" ৫ দেনাদার ফাহিমের নিকট হতে ১০,০০০ টাকা পাওনার ২% বাট্টায় ৪,৮০০ টাকা নগদে ও অবশিষ্ট টাকা চেকে পাওয়া গেল। চেকখানি ঐ দিনই ব্যাংকে জমা দেয়া হল।

" ১৫ স্বীকৃতি বিলের মাধ্যমে ক্রয় ৫,০০০ টাকা ও ধারে বিক্রয় ১০,০০০ টাকা।

" ২০ তামিমের নিকট হতে ৫% বাট্টায় ১৫,০০০ টাকার পণ্য ক্রয় করা হল।

" ২৪ তামিমের নিকট থেকে ২৫০ টাকা বাট্টায় ৫০% নগদে ও ৫০% চেকে পরিশোধ করা হলো।

" ৩০ তামিমকে ইস্যুকৃত চেকটি ব্যাংক কর্তৃক প্রত্যাখ্যাত হল।

ক. নগদান বইতে অন্তর্ভুক্ত হবে না এমন দফাগুলো চিহ্নিত করো। ২

খ. ৪, ৫, ১৫ ও ২০ তারিখের লেনদেনের জাবেদা দাখিলা দেখাও। ৪

গ. একখানি তিনঘরা নগদান বহি তৈরি করো। ৪

প্রশ্ন-৭ ▶ সৈকত ট্রেডার্সের ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে রেওয়ামিল নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রাপ্য হিসাব | ১,৫০,০০০ | |
| অগ্রিম বিমা | ১২,০০০ | |
| আসবাবপত্র | ৫০,০০০ | |
| পুঞ্জিভূত অবচয় (আসবাবপত্র) | | ৫,০০০ |
| মূলধন | | ১,০০,০০০ |
| সেবা আয় | | ১,২৭,০০০ |
| বেতন | ২০,০০০ | |
| | ২,৩২,০০০ | ২,৩২,০০০ |

অন্যান্য তথ্যাবলি :

i. অগ্রিম বিমার ৪,০০০ টাকা অতিক্রান্ত হয়েছে।

ii. বেতন ৬,০০০ টাকা বকেয়া আছে।

iii. আসবাবপত্রের ওপর ১০% অবচয় ধরতে হবে।

iv. সেবা প্রদান করা হয়েছে কিন্তু এখনও বিল তৈরি হয়নি ৪,০০০ টাকা।

ক. নিট আসবাবপত্রের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপরিউক্ত সমন্বয়গুলোর সমন্বয়ী দাখিলা দেখাও। ৪

গ. ১০ ঘরবিশিষ্ট একটি কার্যপত্র তৈরি করো। ৪

প্রশ্ন-৮ ▶ মিঃ মাহ্ফুজ ২০১৩ সালের ১ জানুয়ারি তারিখে ৮০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করেন। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৫,০০০ টাকা। মি. মাহ্ফুজ প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব বন্ধ করে এবং ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করে।

ক. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয়ের হার নির্ণয় করো। ২

খ. প্রথম দুই বছরের অবচয় তালিকা ও মেশিন হিসাব তৈরি করো। ৪

গ. প্রথম দুই বছরের প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪

প্রশ্ন-৯ ▶ মিঃ মাইদুল একজন খুচরা ব্যবসায়ী। তিনি পূর্ণাঙ্গ দু'তরফা দাখিলা পদ্ধতি অনুসরণ করেন না। ২০১৪ সালে তার ব্যবসায়ের আর্থিক অবস্থা নিম্নরূপ ছিল :

| হিসাবের নাম | ১ জানুয়ারি ২০১৪ (টাকা) | ৩১ ডিসেম্বর ২০১৪ (টাকা) |
|---|---|---|
| নগদ তহবিল | ৪,০০০ | ৫,০০০ |
| ব্যাংক জমা | ২,০০০ | ১,০০০ (ক্রে.) |
| মজুদ পণ্য | ৭,০০০ | ১১,০০০ |
| বিবিধ দেনাদার | ৫,০০০ | ৯,০০০ |
| বিবিধ পাওনাদার | ৪,০০০ | ৩,০০০ |
| আসবাবপত্র | ৫,০০০ | - |
| প্রাপ্য বিল | ১,০০০ | ২,০০০ |

মিঃ মাইদুল সারা বছর ধরে প্রতি সপ্তাহে ৫০ টাকা করে নগদ উত্তোলন করেন এবং মোট ২,৪০০ টাকার পণ্য উত্তোলন করেন। বছরের মাঝামাঝি সময় তিনি তার ব্যক্তিগত টাইপরাইটার মেশিনটি ৪,০০০ টাকায় বিক্রয় করে উক্ত বিক্রয়লব্ধ অর্থের ৫০% দিয়ে কারবারের জন্য একটি সরবরাহ যান ক্রয় করেন।

অন্যান্য তথ্যাবলি :

i. কারবার খরচ বকেয়া আছে ২,৫০০ টাকা।

ii. দেনাদারবৃন্দের ওপর ১০% কুঋণ সঞ্চিতি ও ৫% দেনাদার বাট্টা সঞ্চিতি তৈরি করো।

iii. আসবাবপত্রের ওপর ১০% এবং সরবরাহ যানের ওপর ২০% অবচয় ধার্য করো।

iv. মূলধনের ওপর ১০% হারে সুদ ধার্য করো।

ক. মোট মূলধনের সুদের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ২০১৪ সালের প্রারম্ভিক ও সমাপনি মূলধন নির্ণয় করো। ৪

গ. ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বৎসরের জন্য নিট লাভ বা ক্ষতি নির্ণয় করো। ৪

## উত্তরমালা

১. উত্তর : ক. বিক্রিত পণ্যের ব্যয় ১,০৮,০০০ টাকা। খ. নিট লাভ ৫৫,১৫০ টাকা। গ. মালিকানা স্বত্ব ১,৪৩,৭৫০ টাকা ও মোট দায় ৫৫,১০০ টাকা।

২. উত্তর : ক. জ্যাটি চলতি হিসাব ২২,২৮৩ টাকা (ডেবিট)। খ. মোট লাভ ২৫,৭৮৩ টাকা। গ. মোট সম্পদ ২,৭৮,৬৩৩ টাকা।

৩. উত্তর : ক. প্রারম্ভিক মূলধন ৬৫,০০০ টাকা। খ. জাবেদার যোগফল ২৫,৬০০ টাকা। গ. হিসাব সমীকরণের যোগফল (৩,৬০০) টাকা।

৪. উত্তর : ক. জাবেদার যোগফল ৯০ টাকা। খ. ব্যাংকে লিপিবদ্ধ হয়েছে তার মোট পরিমাণ ৫,৮৬০ টাকা। গ. ব্যাংক বিবরণী অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ১২,০৮০ টাকা।

৫. উত্তর : ক. রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না ৩৫,৫০০ টাকা। খ. চলতি সম্পদ ২৯,০০০ টাকা এবং চলতি দায় ১২,৫০০ টাকা। গ. রেওয়ামিলের যোগফল ২,১৩,৫০০ টাকা।

৬. উত্তর : ক. নগদান বইতে অন্তর্ভুক্ত হবে না ২৯,২৫০ টাকা। খ. জাবেদার যোগফল ৪৫,২৫০ টাকা। গ. নগদ উদ্বৃত্ত ২০,৯৫০ টাকা; ব্যাংক জমা ২,৪৫০ টাকা; প্রদত্ত বাট্টা ২০০ টাকা এবং প্রাপ্ত বাট্টা ৫৫০ টাকা।

৭. উত্তর : ক. নিট আসবাবপত্র ৪০,০০০ টাকা। খ. সমন্বয় জাবেদার যোগফল ১৯,০০০ টাকা। গ. নিট লাভ ৯৬,০০০ টাকা এবং আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২,১২,০০০ টাকা।

৮. উত্তর : ক. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয়ের হার ২০%। খ. জাবেদার যোগফল ১,৩৭,৬০০ টাকা।

৯. উত্তর : ক. মোট মূলধনের সুদ ২,১০০ টাকা। খ. প্রারম্ভিক মূলধন ২০,০০০ টাকা এবং সমাপনী মূলধন ৩০,০০০ টাকা। গ. নিট লাভ ৬,৩৯৫ টাকা।

# কুমিল্লা বোর্ড-২০১৫

## হিসাববিজ্ঞান প্রথম পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বিষয় কোড : ২ ৫ ৩

১. কোন ধারণার উপর ভিত্তি করে সমন্বয় জাবেদা প্রস্তুত করা হয়?
(ক) হিসাবকাল ও বকেয়া ধারণা
(খ) হিসাবকাল ও আয়-ব্যয় সংযোগ ধারণা
(গ) চলমান প্রতিষ্ঠান ধারণা ও হিসাবকাল ধারণা
(ঘ) বকেয়া ধারণা ও আয়-ব্যয় সংযোগ ধারণা

২. ব্যাংক বিবরণী প্রস্তুত করেন কে?
(ক) আমানতকারী (খ) বিনিয়োগকারী
(গ) ঋণগ্রহীতা (ঘ) ব্যাংক কর্তৃপক্ষ

৩. নিত্য মজুত পদ্ধতিতে পণ্যক্রয়ের জন্য কোন হিসাব ডেবিট করা হয়?
(ক) ক্রয় হিসাব (খ) মজুত পণ্য হিসাব
(গ) পণ্যদ্রব্য হিসাব (ঘ) সরবরাহকারী হিসাব

৪. আদায়ের জন্য ব্যাংকে জমাকৃত চেক প্রত্যাখ্যান হলে—
i. নগদান বইয়ের ব্যাংক কলামের ডেবিট জের বেশি হবে
ii. ব্যাংক বিবরণীতে উক্ত হিসাবের ক্রেডিট জের কম হবে
iii. নগদান বইয়ের ব্যাংক উদ্বৃত্ত অপরিবর্তিত থাকবে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও।**

জনাব পুষ্প ২০,০০,০০০ টাকায় একটি মেশিন আমদানী করেন। তিনি ২,০০,০০০ টাকা শুল্ক ও ভ্যাট পরিশোধ করেন এবং সংস্থাপন বাবদ ৫০,০০০ টাকা ব্যয় করেন। ৫ বৎসর আয়ুষ্কাল শেষে মেশিনটির ভগ্নাবশেষ মূল্য ১,৫০,০০০ টাকা অনুমান করা হয়।

৫. মেশিনটির মূল্য হিসাবে বইয়ে কত লিখা হবে?
(ক) ১৮,৫০,০০০ টাকা (খ) ২০,০০,০০০ টাকা
(গ) ২১,৫০,০০০ টাকা (ঘ) ২২,৫০,০০০ টাকা

৬. উদ্দীপকে বর্ণিত ভ্যাট ও শুল্ক কোন ধরনের ব্যয়?
(ক) মূলধন জাতীয় (খ) মুনাফা জাতীয়
(গ) মূলধনায়িত (ঘ) বিলম্বিত মুনাফা জাতীয়

৭. নিচের কোনটি দ্বারা ভবিষ্যতে সুবিধা পাওয়া যায়?
(ক) অনুপার্জিত আয় (খ) অনিঃশেষিত ব্যয়
(গ) প্রাপ্য আয় (ঘ) প্রদেয় ব্যয়

৮. কমিশন প্রাপ্তি ১,০০০ টাকার জন্য কমিশন হিসাব ডেবিট করা হলে এটি কোন ধরনের ভুল?
(ক) লিখার ভুল (খ) বাদপড়ার ভুল
(গ) বেলাভিলার ভুল (ঘ) নীতিগত ভুল

৯. GAAP এর পূর্ণরূপ কি?
(ক) Grate Advantage of Accounting practice
(খ) Gradually Acceclarated Accounting Process
(গ) Generally Accepted Accounting Principles
(ঘ) Generally Accepted Auditing Principles

১০. হিসাবকাল নীতি অনুযায়ী কোন হিসাবগুলো বৎসর শেষে বন্ধ করে দিতে হয়?
(ক) আয়-ব্যয় হিসাব (খ) স্বত্বাধিকার হিসাব
(গ) দায় হিসাব (ঘ) সম্পত্তি হিসাব

১১. নিচের কোনটি প্রতিষ্ঠানের তহবিলের বৃদ্ধি করে?
(ক) ধারে ক্রয় (খ) স্থায়ী সম্পদের অবচয়
(গ) আয়কর পরিশোধ (ঘ) প্রদেয় বিলের পরিশোধ

১২. মি. অনিক একজন ব্যবসায়ী। তিনি পুনর্বিক্রয়ের উদ্দেশ্যে কিছু সংখ্যক নতুন মেশিন ক্রয় করেন। এটি কোন ধরনের ব্যয়?
(ক) মুনাফা জাতীয় ব্যয় (খ) মূলধনায়িত ব্যয়
(গ) মূলধন জাতীয় ব্যয়
(ঘ) বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়

১৩. নিচের কোনটি অনগদ লেনদেন?
(ক) স্থায়ী সম্পত্তির অবলোপন (খ) অনাদায়ী পাওনা পুনরুদ্ধার
(গ) অগ্রিম সেবা আয় (ঘ) অগ্রিম খরচ

১৪. $R = \sqrt[N]{\frac{s}{c}}$ সূত্রটি ব্যবহার করে কোন পদ্ধতিতে অবচয় হার নির্ণয় করা হয়?
(ক) সরল রৈখিক (খ) ক্রমহ্রাসমান জের
(গ) বর্ষ-সংখ্যার যোগফল (ঘ) বার্ষিকী পদ্ধতি

১৫. খুব সহজে নগদে রূপান্তরযোগ্য সম্পদকে কি বলে?
(ক) অলীক সম্পত্তি (খ) তরল সম্পত্তি
(গ) অস্পর্শনীয় সম্পত্তি (ঘ) স্থায়ী সম্পত্তি

**উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও।**

০১-০১-২০১৩ মি. আজাদ নগদ ৮০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন। সারা বছরে তিনি ব্যবসায় থেকে ২০,০০০ টাকা পারিবারিক ব্যয় পরিশোধ করেন। উক্ত বছরে তার নিট আয় হয় ৩২,০০০ টাকা। কিছু ব্যবসায়িক খরচ বকেয়া রয়েছে।

১৬. বৎসর শেষে মি. আজাদের মোট সম্পদের পরিমাণ কত?
(ক) ৬০,০০০ টাকা (খ) ৯২,০০০ টাকা
(গ) ১,১২,০০০ টাকা (ঘ) ১,৩২,০০০ টাকা

১৭. মি. আজাদের মালিকানাস্বত্ব প্রভাবিত হয়—
i. পারিবারিক প্রয়োজনে ব্যবসায় থেকে খরচ দ্বারা
ii. ব্যবসায়িক আয় দ্বারা
iii. অপরিশোধিত ব্যয় দ্বারা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৮. প্রতিমাসের শুরুতে ১,০০০ টাকা হারে সারা বছর উত্তোলন করা হলে ১০% হারে উত্তোলনের সুদ কত হবে?
(ক) ৫৫০ টাকা (খ) ৬০০ টাকা
(গ) ৬৫০ টাকা (ঘ) ৬৬০ টাকা

১৯. যদি প্রারম্ভিক মজুদ পণ্য ৩৫,০০০ টাকা, ক্রয় ৮৫,০০০ টাকা, বিক্রয় ১,৫০,০০০ টাকা এবং মোট লাভের হার ৩০% হয় তবে সমাপনী মজুদ পণ্যের মূল্য কত হবে?
(ক) ১৫,০০০ টাকা (খ) ৩০,০০০ টাকা
(গ) ৪৫,০০০ টাকা (ঘ) ১,০৫,০০০ টাকা

২০. হিসাববিজ্ঞানের কোন নীতি অনুযায়ী সম্পদ লিপিবদ্ধ হয়?
(ক) পূর্ণ প্রকাশ নীতি (খ) ঐতিহাসিক মূল্য নীতি
(গ) রক্ষণশীলতা নীতি (ঘ) সামঞ্জস্য নীতি

২১. নিচের কোনটি উদ্বৃত্তপত্রে প্রদর্শিত হয় না?
(ক) মূলধন সঞ্চিতি (খ) বিশেষ সঞ্চিতি
(গ) সাধারণ সঞ্চিতি (ঘ) গোপন সঞ্চিতি

২২. হিসাববিজ্ঞানের মৌলিক ধারণা হলো—
i. আদায়করণ নীতি ii. সামঞ্জস্যতা নীতি
iii. লভ্যাংশ নীতি
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও।**

২০১৩ সালের ৩১ শে ডিসেম্বর তারিখে রেওয়ামিলে বিজ্ঞাপন ব্যয় ৮০,০০০ টাকা। সমন্বয় অনুসারে প্রচারের উদ্দেশ্যে ১০,০০০ টাকার পণ্য বিতরণ করা হয় যা হিসাবভুক্ত হয়নি। বিজ্ঞাপন খরচ তিনটি আর্থিক বৎসরে সমহারে সমন্বয় করে অবলোপন করতে হবে।

২৩. মোট বিজ্ঞাপন ব্যয় কত?
(ক) ১০,০০০ টাকা (খ) ৩০,০০০ টাকা
(গ) ৮০,০০০ টাকা (ঘ) ৯০,০০০ টাকা

২৪. ২০১৩ সালে বিজ্ঞাপন বাবদ কত টাকা অবলোপন করা হবে?
(ক) ২৬,৬৬৭ টাকা (খ) ৩০,০০০ টাকা
(গ) ৫৩,৩৩৩ টাকা (ঘ) ৬০,০০০ টাকা

২৫. আর্থিক বিবরণী তথ্য সরবরাহ করে—
i. আর্থিক ফলাফলের ii. আর্থিক অবস্থার
iii. নগদ প্রবাহের
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৬. পরিচালন মুনাফা নির্ণয় করা যায় নিচের কোনটি দ্বারা?
(ক) মোট মুনাফা – পরিচালন ব্যয় – অপরিচালন ব্যয়
(খ) মোট মুনাফা + পরিচালন আয় – পরিচালন ব্যয়
(গ) মোট মুনাফা – নিট ব্যয়
(ঘ) পরিচালন আয় – পরিচালন ব্যয়

২৭. একতরফা দাখিলা পদ্ধতিতে নিচের কোনটি হিসাবরক্ষণ করা হয় না?
(ক) নামিক হিসাব (খ) সম্পত্তিবাচক হিসাব
(গ) ব্যক্তিবাচক হিসাব (ঘ) মূলধন হিসাব

২৮. সন্দেহজনক দেনা সঞ্চিতির প্রকৃতি কি?
(ক) মুনাফার বণ্টন (খ) সঞ্চিতি
(গ) বিপরীত সম্পত্তি (ঘ) ক্ষতি

২৯. "মনিহারী দ্রব্যাদি সম্পদ নয়,— খরচ হিসাবে দেখানো উচিত"—এটি কোন নীতির অনুসরণ করে?
(ক) বস্তুনিষ্ঠতার নীতি (খ) রক্ষণশীলতার নীতি
(গ) ব্যয় সুবিধা সম্পর্কে (ঘ) সামঞ্জস্য নীতি

৩০. হিসাবকাল শেষে প্রাপ্য হিসাবের উদ্বৃত্ত দ্বারা কি বুঝায়?
(ক) আয় (খ) সম্পদ
(গ) দায় (ঘ) মালিকানাস্বত্ব

৩১. ম্যানেজার মুনাফার ৪% কমিশন পান। পরবর্তী মুনাফা ৪০০০ টাকা হলে, কমিশন কত?
(ক) ১৫০.৫০ টাকা (খ) ১৫৩.৮৫ টাকা
(গ) ১৬০ টাকা (ঘ) ১৬৬.৬৭ টাকা

৩২. লেনদেন সম্পর্কে নিচের কোনটি সঠিক?
(ক) সম্ভাব্য ঘটনা (খ) ঐতিহাসিক ঘটনা
(গ) নির্ভরশীল ঘটনা (ঘ) শর্তসাপেক্ষ ঘটনা

৩৩. ব্যবসায়ের মোট সম্পদ থেকে তৃতীয় পক্ষের দায় বাদ দিলে কি অবশিষ্ট থাকে?
(ক) মালিকানাস্বত্ব (খ) স্থায়ী সম্পদ
(গ) নিট মুনাফা (ঘ) বিনিয়োজিত মূলধন

৩৪. কখন মালিকানা তহবিল বৃদ্ধি পায়?
(ক) ব্যয় বৃদ্ধি পেলে (খ) ক্ষতি হলে
(গ) সম্পদ বৃদ্ধি পেলে (ঘ) আয় বা মুনাফা হলে

৩৫. ধারে সম্পত্তি ক্রয়ের ক্ষেত্রে নিচের কোনটি যথার্থ?
(ক) সম্পত্তি বৃদ্ধি ও দায় বৃদ্ধি
(খ) সম্পত্তি বৃদ্ধি ও ব্যয় বৃদ্ধি
(গ) দায় বৃদ্ধি ও আয় বৃদ্ধি
(ঘ) দায় বৃদ্ধি ও মালিকানাস্বত্ব বৃদ্ধি

৩৬. নিচের কোন দলিলের ভিত্তিতে বিক্রয় ফেরত বহি প্রস্তুত করা হয়?
(ক) ক্যাশ মেমো (খ) চালান
(গ) ডেবিট নোট (ঘ) ক্রেডিট নোট

**উদ্দীপকটি পড়ো এবং ৩৭ ও ৩৮ নং প্রশ্নের উত্তর দাও।**

১ মার্চ, ২০১৪ তারিখে আলিফ ৪/২০, N/30 শর্তে আলিফের নিকট ২৫,০০০ টাকার পণ্য ধারে বিক্রয় করে। আলিফ ১০ মার্চ তারিখে ৫০০০ টাকার পণ্য ফেরত দেয় এবং ১৫ মার্চ তারিখে আলিফের পাওনা পরিশোধ করে।

৩৭. আলিফের পরিশোধিত অর্থের পরিমাণ কত?
(ক) ১৯,০০০ টাকা (খ) ১৯,২০০ টাকা
(গ) ২০,০০০ টাকা (ঘ) ২৫,০০০ টাকা

৩৮. উদ্দীপকে উল্লেখিত N/30 এর তাৎপর্য কি?
(ক) ৩০ তম দিনের মূল্য পরিশোধ করতে হবে
(খ) ৩০ দিন পরেও মূল্য পরিশোধ করা যাবে
(গ) ৩০ দিনের মধ্যে প্রকৃত মূল্য পরিশোধ করতে হবে
(ঘ) ৩০ দিন পর্যন্ত নির্দিষ্ট বাট্টার সুবিধা পাওয়া যাবে

৩৯. দু'তরফা দাখিলা পদ্ধতির মূলনীতি হলো—
i. দাতা গ্রহীতা দু'টি পক্ষ থাকবে
ii. দাতার হিসাব ক্রেডিট ও গ্রহীতার হিসাব ডেবিট হবে
iii. ডেবিট টাকার অংক প্রায়শ: ক্রেডিট টাকার সমান হয়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৪০. হিসাবচক্রের কোন ধাপগুলোর কাজ সারা বছর চলমান থাকে?
(ক) সাধারণ জাবেদা, সমন্বয় জাবেদা, খতিয়ান
(খ) লেনদেন সনাক্তকরণ, সাধারণ জাবেদা, খতিয়ান
(গ) লেনদেন সনাক্তকরণ, সমন্বয় জাবেদা, খতিয়ান
(ঘ) সাধারণ জাবেদা, খতিয়ান, রেওয়ামিল

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ঘ | ৩ | খ | ৪ | ক | ৫ | ঘ | ৬ | গ | ৭ | খ | ৮ | গ | ৯ | গ | ১০ | ক | ১১ | ক | ১২ | ক | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | খ | ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | ক | ২০ | খ |
| | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | খ | ৩১ | খ | ৩২ | খ | ৩৩ | ক | ৩৪ | ঘ | ৩৫ | ক | ৩৬ | ঘ | ৩৭ | খ | ৩৮ | গ | ৩৯ | ক | ৪০ | খ |